

১১ নভেম্বর ২০২৪ সোমবার

entertainment@jj.dbd.com

যায়যায়দিন



## নেপালে আন্তর্জাতিক আলোকচিত্র প্রদর্শনী ও কাঠমান্ডু বিশ্ববিদ্যালয়ে শিক্ষা বিনিময় কার্যক্রমে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের অংশগ্রহণ

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের শিক্ষকদের একটি দল ও আর্ট এবং ফটোগ্রাফি ক্লাবের শিক্ষার্থীরা নেপালের কাঠমান্ডুতে ১৩তম আন্তর্জাতিক আলোকচিত্র প্রদর্শনী আয়োজন করে। সেই সঙ্গে কাঠমান্ডু বিশ্ববিদ্যালয়ের একটি শিক্ষা বিনিময় কার্যক্রমেও তারা অংশগ্রহণ করেন। শিক্ষকদের এই দলে আছেন অধ্যাপক ড. সাইফুল ইসলাম, সহকারী অধ্যাপক মুজতবা আহসান, সহকারী অধ্যাপক শাহরিয়ার ইকবাল রাজ ও প্রভাষক একেএম সালেহ আহমেদ অনিক। দলের প্রত্যেকে তাদের স্বীয় অভিজ্ঞতার মাধ্যমে এই আন্তর্জাতিক শিক্ষা বিনিময় প্রকল্পে অবদান রাখেন।

ইন্টারন্যাশনাল ইন্টার ইউনিভার্সিটি ফটোগ্রাফি এক্সিবিশন (আইআইইউপিই) অনেক বছর ধরে চলে আসা একটি আন্তর্জাতিক আয়োজন, যা এবার ৮-৯ নভেম্বর কাঠমান্ডুর সিদ্ধার্থ আর্ট গ্যালারিতে অনুষ্ঠিত হয়েছে। এ বছরের আয়োজনে আগের সব রেকর্ড ভেঙে ৫০টি দেশের ৪৫০

শিক্ষার্থীর ১৮ হাজার ছবি জমা পড়েছে। জমা হওয়া ছবিগুলোর আঙ্গিকগত বৈচিত্র্য এই আয়োজনের গভীরতাকে আরও বাড়িয়ে দিয়েছে। যুক্তরাষ্ট্রভিত্তিক আলোকচিত্রী ও লেখক জেফ গ্রিনোয়াল্ড ও ভিজুয়াল আর্টিস্ট সারাহ নেলসন এই প্রদর্শনী উদ্বোধন করেন।

১০ নভেম্বর শিক্ষকদের দল কাঠমান্ডু বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগে একটি শিক্ষা বিনিময় কার্যক্রম পরিচালনা করেন। এতে ছিল বিষয়ভিত্তিক উপস্থাপনা ও জ্ঞান আদান প্রদানের ব্যবস্থা। এছাড়াও এ কেএম সালেহ আহমেদ অনিক বক্তব্য রাখেন বায়ো কোডিংয়ের উপরে। সেই সঙ্গে কাঠমান্ডু বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের প্রধান ড. বিন্দু শ্রেষ্ঠা ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় এর স্থাপত্য বিভাগের প্রধান শাহরিয়ার ইকবাল রাজ এই দুই প্রতিষ্ঠানের ভবিষ্যতে একসঙ্গে কাজ করার সুযোগগুলো খতিয়ে দেখেন। সংবাদ বিজ্ঞপ্তি